

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর



সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP)
www.sesip.gov.bd

স্মারক নং : মাউশি/সেসিপ/১-৩১/বিবিধ/২০১৪ (অংশ)/৪৪৪


তারিখ : ০৪/০৭/২০১৮ খ্রিঃ।

বিষয়: SESIP এর আওতায় মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সাথে মত বিনিময় সভা আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১০/০৭/২০১৮ তারিখ বিকাল ৩.০০ টায় জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এ মাধ্যমিক শিক্ষার গুণগত মানোন্নয়ন বিষয়ে SESIP এর মাঠ পর্যায়ের কর্মকর্তাদের অংশগ্রহণে এক মত বিনিময় সভার আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি, প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। অনুষ্ঠানে জনাব মো: সোহরাব হোসাইন, সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, জনাব মো: মহিউদ্দীন খান, অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, প্রফেসর মো: মাহাবুবুর রহমান, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং প্রফেসর ড. সৈয়দ মো: গোলাম ফারুক, মহাপরিচালক, নায়েম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন জনাব মো: আবু ছাইদ শেখ (অতিরিক্ত সচিব), যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেসিপ। উক্ত মত বিনিময় সভায় তাঁর অঞ্চলভুক্ত দপ্তরসমূহে SESIP এর আওতায় কর্মরত কর্মকর্তাগণসহ (নিম্নের বিবরণ অনুযায়ী) তাঁকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

মতবিনিময় সভাশেষে SESIP এর আওতায় নিয়োগপ্রাপ্ত সিরাজগঞ্জ জেলা শিক্ষা অফিসের প্রয়াত গবেষণা কর্মকর্তা জনাব আবদুল হাকিম এর মৃত্যুতে এক স্মরণসভা অনুষ্ঠিত হবে। তিনি গত ০৮/০৪/২০১৮ তারিখে এক সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণ করেন।

- | | | |
|----------------------------|---------------------------|--------------------------|
| ১। ঢাকা অঞ্চল- ১০০ জন | ২। রাজশাহী অঞ্চল - ২৫জন | ৩। খুলনা অঞ্চল - ২৫ জন |
| ৪। ময়মনসিংহ অঞ্চল - ৫০ জন | ৫। বরিশাল অঞ্চল -১৯ জন | ৬। সিলেট অঞ্চল -১৬ জন |
| ৭। রংপুর অঞ্চল -২৫ জন | ৮। চট্টগ্রাম অঞ্চল -১৫ জন | ৯। কুমিল্লা অঞ্চল -২৫ জন |


০৪/০৭/২০১৮
প্রফেসর ড. সামসুন নাহার
উপ পরিচালক (প্রশাসন)

☎ ৯৫৭৩৫৫৪

পরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা

ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/কুমিল্লা/খুলনা/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/সিলেট অঞ্চল।

অনুলিপি:

- ১। জেলা শিক্ষা অফিসার (সকল)
- ২। থানা/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
- ৩। অফিস কপি।